



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ী, কুমিল্লা

ই-মেইল: registrar@cou.ac.bd, website: cou.ac.bd, ফোন: ০২৩৩৪৪১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭

স্মারক নং- কু.বি./রেজি./ছাত্র-ছাত্রী ভর্তি-১৯৮/২০০৯ (অংশ-১৪)/১৭১৭

তারিখ: ০৪/১২/২০২৪খ্রি:

প্রাথমিক ও চূড়ান্ত ভর্তি (৬ষ্ঠ পর্যায়) সংক্রান্ত বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির A, B এবং C- ইউনিটে ৬ষ্ঠ পর্যায়ে প্রাথমিক ও চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া নিম্নে উল্লেখিত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

- ভর্তি ফি বাবদঃ প্রাথমিক ভর্তি ফি=৫,০০০/- (পাঁচ হাজার টাকা) GST ওয়েবসাইট [https://gstadmission.ac.bd/-](https://gstadmission.ac.bd/) এর মাধ্যমে ০৪/১২/২০২৪ তারিখ বিকাল ৩.০০টা হতে ০৫/১২/২০২৪ তারিখ রাত ১১:৫৯ মি. এর মধ্যে প্রদান করতে হবে। GST গুচ্ছভুক্ত ভর্তি প্রক্রিয়ায় প্রদানকৃত ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) বাদে চূড়ান্ত ভর্তির জন্য =৯,৬০০/- + অনুষদ কর্তৃক নির্ধারিত ফি+ বিভাগ কর্তৃক নির্ধারিত ফি প্রদান করতে হবে।
- মূল কাগজপত্র জমা ও চূড়ান্ত ভর্তি : প্রাথমিক ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে আগামী ০৮/১২/২০২৪ তারিখে উপস্থিত হয়ে মূল কাগজপত্র জমা দেওয়াসহ বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে। অন্যথায় ভর্তি বাতিল হবে।
- ইতোপূর্বে কোন বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করে থাকলে এবং ষষ্ঠ পর্যায়ে GST-এর অন্য বিশ্ববিদ্যালয়ে মাইগ্রেশন হলে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে (তবে মূল কাগজপত্র এখন স্থানান্তরের প্রয়োজন নাই)। সেক্ষেত্রে পূর্বে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি বাবদ প্রদেয় অর্থ (সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত প্রক্রিয়ার মাধ্যমে) ফেরতযোগ্য।
- মূল কাগজপত্র স্থানান্তরঃ প্রত্যেক শিক্ষার্থী সর্বশেষ (ষষ্ঠ পর্যায়ে পর) যে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে সেই বিশ্ববিদ্যালয়ে তার সকল মূল কাগজপত্র জমা দিতে হবে। ইতোপূর্বে অন্য কোন বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক বা চূড়ান্ত ভর্তির প্রয়োজনে কোন প্রকার মূল কাগজপত্র জমা দিয়ে থাকলে আগামী ১০/১২/২০২৪ হতে ১৭/১২/২০২৪ তারিখের মধ্যে শিক্ষার্থীর নিজ দায়িত্বে সর্বশেষ বিশ্ববিদ্যালয়ে স্থানান্তর করতে হবে। মূল কাগজ কোন বিশ্ববিদ্যালয় থেকে গ্রহণের ক্ষেত্রে শিক্ষার্থীকে সশরীরে উপস্থিত থাকতে হবে।
- ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের মূলকপি প্রদর্শন সাপেক্ষে উহার এক কপি ফটোকপি, এসএসসি ও এইচএসসি পরীক্ষার নম্বরপত্র ও সনদপত্রের ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৪ (চার) কপি সত্যায়িত রসিদ ছবি জমা দিতে হবে। ভর্তি সংক্রান্ত যে কোন আপডেট তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.cou.ac.bd এবং GST- এর ওয়েবসাইট [https://gstadmission.ac.bd/-](https://gstadmission.ac.bd/) ভিজিট করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য সংশোধন, সংযোজন, পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন।

০৪.১২.২৪

(মোঃ মজিবুর রহমান মজুমদার)

রেজিস্ট্রার

কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ডিন (বিজ্ঞান/কলা ও মানবিক/সামাজিক বিজ্ঞান/আইন/প্রকৌশল/বিজনেস স্টাডিজ) অনুষদ, কু.বি।
- বিভাগীয় প্রধান/ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান (গণিত/পদার্থবিজ্ঞান/পরিসংখ্যান/রসায়ন/ফার্মেসী/ইংরেজি/বাংলা/অর্থনীতি/লোক প্রশাসন/নৃবিজ্ঞান/প্রত্নতত্ত্ব/ গণযোগাযোগ ও সাংবাদিকতা/ব্যবস্থাপনা শিক্ষা/এআইএস/মার্কেটিং/ফিন্যান্স এন্ড ব্যাংকিং/সিএসই/আইসিটি/আইন) বিভাগ, কু.বি।
- প্রক্টর, কু.বি।
- পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, কু.বি।
- পরীক্ষা নিয়ন্ত্রক, কু.বি।
- জনাব মোঃ নাছির উদ্দিন, উপ-পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, কু.বি।
- জনাব মোহাম্মদ নাছির উদ্দিন, সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহকারে), কু.বি।
- পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি।
- পিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি।
- পি এ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি।
- অফিস কপি।